পরবিাগিুল াি জন্যসুক বছ্লর্ি তথ্য

এটি এমন একটি তালিকা যেখানে আপনি ddsb.caবিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য, সহায়ক রিসোর্সসমূহ ও স্কুল বছরের জন্য আপনাকে প্রস্তুত করতে সাধারণ পরামর্শ পাওয়া যায়।

সুক বছ্লর্ি তথ্যও প্রায়ই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আমাদের স্কুল বছরের তথ্যেরওয়েবপেজটি প্রতি স্কুল বছর শুরুর আগেই আপডেট করা হয় এবং এতে স্কুলের দিন কেমন হয়ে থাকে, স্কুলে স্বাস্থ্য ও সুরক্ষা এবং প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত রয়েছে।

DDSB ওয়েবসাইটে Google Translate যেভাবে ব্যবহার করবেন

DDSB ওয়েবসাইটটি Google Translate এর মাধ্যমে সহজে বিভিন্ন ভাষায় অনুবাদ করা যায়। আপনি ম্যাগনিফাইং গ্লাস আইকন বা অনুসন্ধান ফিচারের পরেই পেজ এর উপরের অংশে ব্যানারে প্রতিটি DDSB ওয়েবপেজে **Select Language (ভাষা নির্বাচন করুন)** ফিচারটি পাবেন।

1. আপনি একটি কম্পিউটার বা ল্যাপটপ ডিভাইসে ddsb.ca এ যাবেন।
2. ওয়েবপেজ এর উপরের অংশে ব্যানারের **Select Language (ভাষা নির্বাচন করুন)** বাটনে ক্লিক করুন।
3. তালিকা থেকে আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।



আপন্া িন্তলন্ িসুক যথ্লক রন্উজ যপলত Subscribe (িাব স্ক্রাইব করুন্)

আপনার সন্তানের স্কুল হতে সরাসরি স্কুল নিউজলেটারের মতো নিউজ পেতে পরিবারগুলোর জন্য প্রয়োজনীয় ধাপসমূহ এখানে রয়েছে:

1. যেকোনো স্কুলের হোমপেজে **School News (সুক রন্উজ)** বিভাগে **More News (আলাি রন্উজ)** এ ক্লিক করুন।



2. **Subscribe (িাবস্ক্রাইব)** বাটনে ক্লিক করুন।



3. স্কুলের ওয়েবসাইটে আপনি যেটা Subscribe (সাবস্ক্রাইব) করতে চান তার জন্য সবগুলো বক্সে টিক চিহ্ন তুলে দিন। আপনি যদি শুধুমাত্র স্কুলের নিউজ (নিউজলেটার) চান তাহলে শুধু **School News (সুক রন্উজ)** বক্সে টিক চিহ্ন দিন।

একবার সম্পন্ন করা হয়ে গেলে নিউজ আইটেম পোষ্ট করা হলে স্কুলের ওয়েবসাইট সকল সাবক্রাইবারদের একটি ইমেইল পাঠাবে। আরো সহায়তার জন্য অনুগ্রহ করে আপনার স্কুলের কর্মীদের সাথে যোগাযোগ করুন।

সুক বছলর্ি কযাল ন্ডার

আপনি এলিমেন্টারি নিয়মিত, এলিমেন্টারি পরিবর্তিত, সেকেন্ডারি নিয়মিত ও সেকেন্ডারি পরিবর্তিত কর্মসূচির পাশাপাশি নির্ধারিত সংবিধিবদ্ধ ছুটির সারাংশ ও P.A. দিনগুলোর জন্য DDSB ওয়েবসাইট স্কুল বছরের ক্যালেন্ডারগুলো দেখতে পারেন।

Parent Portal

Parent Portal-টি সকল ডারহাম ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড এর মাতা-পিতা ও অভিভাবকদের কাছে উপলব্ধ। আপনি আপনার সন্তানের হোমরুম অ্যাসাইনমেন্ট, উপস্থিতির বিবরণ ও গ্রেড পোর্টালটির মাধ্যমে দেখতে পাবেন। আপনি পোর্টালটির মাধ্যমে SchoolCash Online ও SchoolMessenger অ্যাকাউন্ট সেট আপও করতে পারবেন। আরো তথ্য ও প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নবলী দেখতে Parent Portal ওয়েবপেজ এ যান।

অনুপররিতর্ি রলিপাে ক্করুন্

ডারহাম ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড শিক্ষার্থীদের অনুপস্থিতির রিপোর্ট করা জন্য অনলাইন SchoolMessenger সার্ভিস ব্যবহার করে। আপনি আপনার সন্তানের অনুপস্থিতির বিষয়ে রিপোর্ট করতে পারেন যেভাবে:

- 1-844-350-2646 নম্বরে কল করার মাধ্যমে
- অনলাইন অথবা আপনার স্মার্টফোনের মাধ্যমে SchoolMessenger অ্যাপব্যবহার করে

আপনার যদি SchoolMessenger অ্যাকাউন্ট না থাকে এবং আপনি এটি তৈরি করতে চাইলে নীচের ধাপগুলো অনুসরণ করুন:

1. SchoolMessenger ওয়েবসাইট এ যাবেন।
2. আমাদের রেকর্ডে থাকা আপনার একই ইমেইল এড্রেসটি ব্যবহার করুন (আপনার Parent Portal অ্যাকাউন্টে আপনি যে ইমেইল এড্রেসটি ব্যবহার করেছেন।)
3. একটি পাসওয়ার্ড তৈরি করুন।
4. আপনার অ্যাকাউন্টটি ভেরিফাই করতে আপনার ইমেইল চেক করুন।

আপনার লগইন এর তথ্য আপনার সন্তানদের সাথে শেয়ার করবেন না এবং আপনার তথ্য সুরক্ষিত রাখুন। আপনার যদি একাধিক শিশু অ্যাপের মাধ্যমে তালিকাভুক্ত করা হয়ে থাকে তাহলে কোন শিশু সেটি নির্বাচনের জন্য অপশন মেনু ব্যবহার করুন। এই মেনুটি স্ক্রিনের উপরের অংশে রয়েছে (মোবাইল অ্যাপের জন্য উপরের অংশের বামদিকে)। আপনি কোনো অনলাইন অ্যাকাউন্ট তৈরি করতে না চাইলে আপনার সন্তানের অনুপস্থিতির রিপোর্ট করতে 1-844-350-2646 নম্বরে কল করা চালিয়ে যেতে পারেন।

SchoolCash Online

SchoolCash Online এক্সট্রা কারিকুলাম কার্যক্রমের জন্য সমস্ত স্কুলের তহবিল সংগ্রহ পরিচালনার জন্য DDSB কর্তৃক ব্যবহৃত একটি সিস্টেম। আপনার সন্তানদের স্কুলের ফি পরিশোধ করার এটি একটি সহজে ব্যবহারযোগ্য ও নিরাপদ উপায়। মাতা-পিতা/অভিভাবকগণ SchoolCash এর ব্যবহারকারী রেজিস্ট্রেশন ওয়েবপেজ এর মাধ্যমে একটি অ্যাকাউন্টের জন্য নিবন্ধন করতে পারেন। একটি অ্যাকাউন্ট সেট আপ হয়ে গেলে Parent Portal এর মাধ্যমে SchoolCash এ প্রবেশ করা যেতে পারে। লগইন নির্দেশাবলী, পেমেন্টস, ইমেইল নোটিফিকেশন বা নিরাপত্তা প্রক্রিয়া সংক্রান্ত সহায়তার জন্য অনুগ্রহ করে SchoolCash Online Help Desk এ যান অথবা 1-866-961-1803 নম্বরে কল করুন।

রিজিটা   ারন্িঙ্গ ও রিভাইি   িলপর্ব

Chromebook সহ 7-12 গ্রেডের শিক্ষার্থী ও DDSB@Home মাধ্যমে যারা শিখছে তারা আমাদের ডিজিটাল লার্নিং ও ডিভাইস সাপোর্ট ওয়েবপেজের মাধ্যমে সহায়তা পেতে পারেন। এই পেজে সমস্যা সমাধান, প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী, অনলাইন নিরাপত্তা ও আপনার Chromebook ডিভাইসের যত্ন নেয়ার বিষয়ে তথ্য রয়েছে।

মান্রকি স্বাস্থ্য ও সুযিত া রবষয়ক রলিািি স্মূহ

শিক্ষার্থীরা যদি কোনো উদ্বেগ, বিষণ্ণতা বা অন্য কোনো মানসিক সমস্যায় ভোগে তাহলে তাদেরকে স্কুলে যে কারো সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হয়। একজন গাইডেন্স কাউন্সেলর বা শিক্ষক সহায়তা করতে পারেন। উপরন্তু, DDSB ওয়েবসাইটটি সুস্থ্যতা ও মানসিক স্বাস্থ্য ওয়েবপেজটিতে শিক্ষার্থী, মাতা-পিতা/অভিভাবক ও কর্মীদের জন্য সুস্থ্যতা বিষয়ক রিসোর্সসমূহ অফার করে।

আমাদের কাছে সহায়তা করার জন্য সামাজিক কর্মী, মনোবিজ্ঞানী, মনস্তাত্ত্বিক সহযোগী, মানসিক স্বাস্থ্য ও মাদক নিরাময়ে সহায়তাকারী নার্স ও কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য কর্মী সমন্বয়ে পেশাদারদের একটি দলও উপলব্ধ রয়েছে। আপনি কোনো মানসিক স্বাস্থ্য কর্মীর সাথে কথা বলতে আগ্রহী হলে অনুগ্রহ করে আপনার যোগাযোগ নম্বর সহ আমাদেরকে তথ্য প্রদান করতে মানসিক স্বাস্থ্য সহায়তা ফরমটি ব্যবহার করুন এবং আমাদের দলের একজন সদস্য যত দ্রুত সম্ভব আপনার সাথে যোগাযোগ করবেন। **অনুগ্রহ করে খেয়াল করুন: এটি জরুরি পরিষেবা নয়। জরুরি অবস্থা হলে অনুগ্রহ করে 911 নম্বরে কল করুন।**

রকন্ডিগাল ৰ্ রন্বন্ধ্

ডারহাম ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (DDSB) এ কিন্ডারগার্টেনে প্রবেশকারী সকল নতুন শিক্ষার্থীদের জন্য অনলাইন নিবন্ধন প্রয়োজন। আমরা আপনাকে ও আপনার সন্তানকে একটি ও স্কুল ও কিন্ডারগার্টেনে ট্রানজিশন খুঁজে পেতে সহায়তার জন্য এখানেই আছি।

কিন্ডারগার্টেনে প্রবেশের জন্য আপনার সন্তানের অবশ্যই নীচের বয়সের প্রয়োজনীয়তা পূরণ করতে হবে।

- জুনিয়র কিন্ডারগার্টেনে নিবন্ধন করতে চলতি বছরের ডিসেম্বর 31 এর মধ্যে আপনার সন্তানের বয়স 4 বছর হতে হবে।
- সিনিয়র কিন্ডারগার্টেনে নিবন্ধন করতে চলতি বছরের ডিসেম্বর 31 এর মধ্যে আপনার সন্তানের বয়স 5 বছর হতে হবে।

কিন্ডারগার্টেনে একটি শিশু নিবন্ধন করতে:

1. আপনার এলাকার হোম স্কুল হিসেবে মনোনীত স্কুলগুলো খুঁজে পেতে স্কুল লোকেটর টুল ব্যবহার করুন।
2. একটি প্যারেন্ট অ্যাকাউন্ট তৈরি করুন বা আপনার বিদ্যমান অ্যাকাউন্ট এ লগ ইন করুন।
3. একবার আপনার প্যারেন্ট অ্যাকাউন্ট তৈরি হয়ে গেলে অনুগ্রহ করে সঠিক স্কুল বছর নির্বাচন করতে নিশ্চিত হন।

কিন্ডারগার্টেন প্রোগ্রামের জন্য সকল শিক্ষার্থীদের অবশ্যই 'নির্ধারিত হোম স্কুল' এ নিবন্ধন করতে হবে। আপনার যদি লোকেটর টুল ব্যবহার করে আপনার মনোনীত হোম স্কুল খুঁজে পেতে অসুবিধা হয় বা স্কুলের সীমানা সম্পর্কে কোনো কিছু জানার থাকে তাহলে Planning.Department@ddsb.ca-এ ইমেইলের মাধ্যমে বা 905-666-6421 নম্বরে ফোন করে আমাদের প্রোপার্টি ও প্লানিং ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করুন।

আমাদের ফ্রেন্স ইমারসন (FI) প্রোগ্রামে আগ্রহী পরিবারগুলো তাদের সন্তানকে **ফ্রিওয়াল্ প্রক্লাে পূলববি লন্ত**নিকটতম একক ট্র্যাক ফ্রেঞ্চ ইমারসন স্কুলে স্থানান্তর করতে পারেন।

সকল অনলাইন নিবন্ধন একটি আবেদন মাত্র, চূড়ান্ত নিবন্ধন নয়। স্কুলের প্রশাসকগণ নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে স্কুলে যাওয়ার জন্য পরিবার/কেয়ারগিভারদের সাথে অ্যাপয়েন্টমেন্ট সেট আপ করবেন এবং তাদের সন্তানের নিবন্ধন চূড়ান্ত করার জন্য উপযুক্ত নথিপত্র আনতে বলবেন।

স্কুল বছরে যদি কিন্ডারগার্টেনের নিবন্ধন করার জন্য আপনার সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে আপনার মনোনীত হোম স্কুলের অফিসে যোগাযোগ করুন। স্কুলে যোগাযোগের তথ্য স্কুল ডিরেক্টরিতে তালিকাভুক্ত করা হয়েছে। জুলাই ও আগস্ট মাসে আপনার কোনো

সহায়তার প্রয়োজন হলে আপনি EarlyYears@ddsb.ca- এ ইমেইলের মাধ্যমে বা 905-666-5500 ext 5440 ফোনের মাধ্যমে আর্লি ইয়ারস ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করতে পারেন।

পরবিহন্

ডারহাম ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (DDSB) ডারহাম স্টুডেন্ড ট্রান্সপোর্টেশন সার্ভিসেস (DSTS) এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে যোগ্য শিক্ষার্থীদের জন্য পরিবহন সরবরাহ করে। আরো তথ্য ও পরিবহনের জন্য যোগ্যতা নিশ্চিত করতে অনুগ্রহ করে https://www.dsts.on.ca/ ভিজিট করুন।